# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১১৬৪

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ মেয়েদের স্বপ্নদোষ হলে তখনই গোসল ওয়াজিব হয়, যখন বীর্যপাত হয়, যদি স্বপ্নদোষ হয় কিন্তু কাপড় ভেজা না পাওয়া যায়, তবে গোসল ওয়াজিব হবে না

## ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الِاغْتِسَالَ إِنَّمَا يَجِبُ عَلَى الْمُحْتَلِمَةِ عِنْدَ الْإِنْزَالِ دُونَ الِاحْتِلَامِ الَّذِي لَا يُوجَدُ مَعَهُ الْبَلَلُ

---

আরবী

1164 ـ أَخْبَرَنَا عُمَرُ بْنُ سَعِيدِ بْنِ سِنَانٍ قَالَ: أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ أَبِي بَكْرٍ عَنْ مَالِكٍ عَنْ هِشَامِ بْنِ عُرْوَةَ عَنْ أَبِيهِ عَنْ زَيْنَبَ بِنْتِ أُمِّ سَلَمَةَ عَنْ أُمِّ سَلَمَةَ أَنَّهَا قَالَتْ: جَاءَتْ أُمُّ سُلَيْمٍ امْرَأَةُ أَبِي طَلْحَةَ إِلَى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: يَا رَسُولَ اللَّهِ إِنَّ اللَّهَ لَا يَسْتَحْيِي مِنَ الْحَقِّ هَلْ عَلَى الْمَرْأَةِ مِنْ غُسلٍ إِذَا هِيَ احْتَلَمَتْ؟ قَالَ: (نَعَمْ إذا رأت الماء)

الراوي : أُمُّ سَلَمَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1164 | خلاصة حكم المحدث:. صحيح.

বাংলা

১১৬৪. উম্মু সালামাহ রাদ্বিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত, তিনি বলেন, “আবূ তালহার স্ত্রী উম্মু সুলাইম রাদ্বিয়াল্লাহু আনহা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর নিকট এসে বলেন, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, নিশ্চয়ই আল্লাহ হক কথা বলতে লজ্জাবোধ করেন না। যখন কোন নারীর স্বপ্নদোষ হয়, তখন কি তার উপর গোসল আবশ্যক হয়?” জবাবে তিনি বলেন, “হ্যাঁ, যখন সে বীর্য দেখবে।”[1]

ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৫১; মুসনাদ ইমাম শাফে‘ঈ: ১/৩৬; সহীহ বুখারী: ২৮২; সুনান বাইহাকী: ১/১৬৭-১৬৮; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৪৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২৩৫; মুসান্নাফ আব্দুর রাযযাক: ১০৪৯; মুসনাদ

হুমাইদী: ২৯৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/৮০; মুসনাদ আহমাদ: ২/২৯২; সহীহ বুখারী: ১৩০; সহীহ মুসলিম: ৩১৩; তিরমিযী: ১২২; ইবনু মাজাহ: ৬৫০; নাসাঈ: ১/১১৪; ইবনুল জারূদ: ৮৮।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২৩৭।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ উম্মু সালামাহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90477

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন